# চিকিৎসা বিষয়ক আইন-কানুন

এডভোকেট
লিটন দেব
মোঃ জহিরুল ইসলাম

RL BH
রহিম ল' বুক হাউস

# সূচিপত্র



| ক্রমিক | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ | ৯ |
| ২ | বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল প্রবিধানমালা, ২০২২ | ৪০ |
| ৩ | নিরাপদ রক্ত পরিসঞ্চালন আইন, ২০০২ | ৬৪ |
| ৪ | মানবদেহে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন আইন, ১৯৯৯ [সংশোধিত-২০১৮] | ৭৪ |
| ৫ | মানবদেহে অঙ্গ-প্রত্যঙ্গ সংযোজন বিধিমালা,২০১৮ | ৮১ |
| ৬ | THE ALLOPATHIC SYSTEM (PREVENTION OF MISUSE) ORDINANCE, 1962 | ৯৩ |
| ৭ | THE MEDICAL DEGREES ACT, 1916 | ৯৫ |
| ৮ | আয়োডিনযুক্ত লবণ আইন, ২০২১ | ৯৭ |
| ৯ | আয়োডিন অভাবজনিত রোগ প্রতিরোধ আইন, ১৯৮৯ | ১১১ |
| ১০ | বুকের দুধের বিকল্প (বাজার নিয়ন্ত্রণ) অধ্যাদেশ, ১৯৮৪ | ১১৪ |
| ১১ | মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ | ১১৭ |
| ১২ | বিষ আইন, ১৯১৯ | ১২৩ |
| ১৩ | বাংলাদেশ হোমিওপ্যাথিক প্র্যাকটিশনার অধ্যাদেশ,১৯৮৩ | ১২৫ |
| ১৪ | THE MEDICAL PRACTICE AND PRIVATE CLINICS AND LABORATORIES (REGULATION) ORDINANCE, 1982 | ১২৭ |
| ১৫ | মেডিক্যাল প্রাকটিস এবং প্রাইভেট ক্লিনিক্স এবং ল্যাবরেটরিসমূহ (রেগুলেশন) অধ্যাদেশ, ১৯৮২ | ১৩৬ |
| ১৬ | ড্রাগ (সম্পূরক বিধানাবলী) অধ্যাদেশ, ১৯৮৬ | ১৪০ |
| ১৭ | THE DRUGS (SUPPLEMENTARY PROVISIONS) ORDINANCE, 1986 | ১৪১ |
| ১৮ | ঔষধ ও কসমেটিকস্ আইন, ২০২৩ | ১৪২ |
| ১৯ | Medical Colleges (Governing Bodies) (Repeal) Act, 2021 | ১৭১ |
| ২০ | শিশু-মাতৃ স্বাস্থ্য ইন্সটিটিউট আইন, ২০০২ | ১৭২ |
| ২১ | সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ | ১৭৭ |
| ২২ | THE PREVENTION OF MALARIA (SPECIAL PROVISIONS) ORDINANCE, 1978 | ২০২ |
| ২৩ | চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬ | ২০৪ |
| ২৪ | রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬ | ২২১ |
| ২৫ | ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ | ২৩৮ |
| ২৬ | ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৫ | ২৪৫ |
| ২৭ | এসিড দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তির চিকিৎসা, আইনগত সহায়তা ও পুনর্বাসন বিধিমালা, ২০০৮ | ২৪৯ |
| ২৮ | ডিঅক্সিরাইবোনিউক্লিক এসিড (ডিএনএ) আইন, ২০১৪ | ২৫৪ |

| | | |
|---|---|---|
| ২৯ | ডিঅক্সিরাইবোনিউক্লিক এসিড (ডিএনএ) বিধিমালা, ২০১৮ | ২৬২ |
| ৩০ | এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ | ২৭৯ |
| ৩১ | THE VACCINATION ACT, 1880 | ২৯২ |
| ৩২ | জাতীয় ঔষধ নীতি, ২০১৬ | ৩০১ |
| ৩৩ | মানসিক স্বাস্থ্য আইন, ২০১৮ (সাবেক The Lunacy Act) | ৩২৫ |
| ৩৪ | বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ আইন, ২০১৮ | ৩৩৫ |
| ৩৫ | বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট আইন, ২০১৮ [সংশোধিত-২০২৩] | ৩৪০ |
| ৩৬ | কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ | ৩৫৭ |
| ৩৭ | বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল আইন, ২০১৬ [সংশোধিত-২০২৩] | ৩৬৪ |
| ৩৮ | বাংলাদেশ হোমিওপ্যাথিক চিকিৎসা শিক্ষা আইন, ২০২৩ | ৪১৪ |
| ৩৯ | বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ আইন, ২০২২ | ৪২৭ |
| ৪০ | বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রেডিটেশন আইন, ২০২৩ | ৪৩৮ |
| ৪১ | বেসরকারি মেডিকেল কলেজ এর এমবিবিএস কোর্সের এবং ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিট এর বিডিএস কোর্সের বিভিন্ন প্রকার ফি পুনঃনির্ধারণ (২০২৩) | ৪৪৭ |
| ৪২ | মেডিকেল/ডেন্টাল কলেজে এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা, ২০২৩ | ৪৪৮ |

১

# বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০

(২০১০ সনের ৬১ নং আইন)

[২০শে ডিসেম্বর, ২০১০]

মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ১৯৮০ রহিতক্রমে কতিপয় সংশোধনীসহ উহা পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু, মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ১৯৮০ (১৯৮০ সনের ১৬ নং আইন) রহিতক্রমে কতিপয় সংশোধনীসহ উহা পুনঃপ্রণয়নের মাধ্যমে বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল পুনর্গঠন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(১) **''অনুমোদিত হাসপাতাল''** অর্থ সরকার এবং কাউন্সিল কর্তৃক অনুমোদিত কোন হাসপাতাল বা এইরূপ অন্য কোন প্রতিষ্ঠান যাহাতে কোন ব্যক্তি তাহার চিকিৎসা-শিক্ষা যোগ্যতা অর্জনের পূর্বে তাহার পাঠ্যসূচীতে অন্তর্ভুক্ত প্রশিক্ষণ, যদি থাকে, গ্রহণ করিতে পারে;

(২) **''কাউন্সিল''** অর্থ এই আইনের অধীন গঠিত বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল;

(৩) **''কার্যনির্বাহী কমিটি''** অর্থ ধারা ৯ এর অধীন গঠিত কার্যনির্বাহী কমিটি;

(৪) **''ডেন্টাল প্রতিষ্ঠান''** অর্থ ডেন্টাল বা দন্ত চিকিৎসা শাস্ত্রে ডিগ্রী, ডিপ্লোমা বা প্রশিক্ষণ প্রদানকারী কোন প্রতিষ্ঠান;

(৫) **''তফসিল''** অর্থ এই আইনের কোন তফসিল;

(৬) **''নিবন্ধক''** অর্থ কাউন্সিলের নিবন্ধক;

(৭) **''নির্ধারিত''** অর্থ বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত, অথবা অনুরূপ বিধি বা প্রবিধান প্রণীত না হওয়া পর্যন্ত সরকার বা কাউন্সিল কর্তৃক, সরকারী গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, নির্ধারিত;

(৮) **''বেসরকারি-ডেন্টাল কলেজ''** অর্থ সরকারি ডেন্টাল কলেজ ব্যতীত সরকার এবং কাউন্সিল কর্তৃক স্বীকৃত অন্য কোন ডেন্টাল কলেজ;

(৯) **''বেসরকারি মেডিকেল কলেজ''** অর্থ সরকারি মেডিকেল কলেজ ব্যতীত সরকার এবং কাউন্সিল কর্তৃক স্বীকৃত অন্য কোন মেডিকেল কলেজ;

(১০) **''মেডিসিন''** অর্থ আধুনিক বৈজ্ঞানিক মেডিসিন, সার্জারী ও অবস্টেট্রিকস, কিন্তু পশু চিকিৎসার জন্য ব্যবহৃত মেডিসিন ও সার্জারী ইহার অন্তর্ভুক্ত হইবে না;

(১১) **''মেডিকেল প্রতিষ্ঠান''** অর্থ মেডিকেল চিকিৎসা শাস্ত্রে ডিগ্রী, ডিপ্লোমা বা প্রশিক্ষণ প্রদানকারী কোন প্রতিষ্ঠান;

(১২) **''রেজিস্টার''** অর্থ ধারা ১৮, ১৯ বা ২০ এর অধীন সংরক্ষিত কোন রেজিস্টার;

(১৩) **''সদস্য''** অর্থ কাউন্সিলের সদস্য;

(১৪) **''স্বীকৃত ডিপ্লোমা''** অর্থ পঞ্চম তফসিলের অন্তর্ভুক্ত স্বীকৃত কোন ডিপ্লোমা;

(১৫) **''স্বীকৃত ডেন্টাল চিকিৎসা-শিক্ষা যোগ্যতা''** অর্থ চতুর্থ তফসিলের অন্তর্ভুক্ত যে কোন চিকিৎসা-শিক্ষা যোগ্যতা;

(১৬) **''স্বীকৃত ডেন্টাল চিকিৎসক''** অর্থ এই আইনের অধীন স্বীকৃত কোন ডেন্টাল চিকিৎসক;

(১৭) **''স্বীকৃত মেডিকেল চিকিৎসা-শিক্ষা যোগ্যতা''** অর্থ প্রথম, দ্বিতীয় বা তৃতীয় তফসিলের অন্তর্ভুক্ত কোন মেডিকেল চিকিৎসা-শিক্ষা যোগ্যতা;

(১৮) **''স্বীকৃত মেডিকেল চিকিৎসক''** অর্থ এই আইনের অধীন স্বীকৃত কোন মেডিকেল চিকিৎসক।

৩। **কাউন্সিল প্রতিষ্ঠা।**—(১) এই আইন বলবৎ হইবার সঙ্গে সঙ্গে বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল নামে একটি কাউন্সিল প্রতিষ্ঠিত হইবে।

(২) কাউন্সিল একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীল-মোহর থাকিবে, এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার এবং চুক্তি সম্পাদন করিবার ক্ষমতা থাকিবে, এবং ইহার নামে ইহা মামলা দায়ের করিতে পারিবে বা উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৪। **কাউন্সিলের গঠন।**—(১) কাউন্সিল নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ

(ক) জাতীয় সংসদের স্পীকার কর্তৃক মনোনীত আটজন সংসদ-সদস্য;

(খ) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, পদাধিকারবলে;

(গ) ভাইস-চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, পদাধিকারবলে;

(ঘ) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, পদাধিকারবলে;

(ঙ) মহাপরিচালক,পরিবার পরিকল্পনা অধিদপ্তর, পদাধিকারবলে;

(চ) মহাপরিচালক, সেনাবাহিনী মেডিকেল সার্ভিসেস অধিদপ্তর, পদাধিকারবলে;

(ছ) পরিচালক, চিকিৎসা-শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, পদাধিকারবলে;

(জ) পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব প্রিভেন্টিভ এন্ড সোশ্যাল মেডিসিন, পদাধিকারবলে;

(ঝ) পরিচালক, নার্সিং সার্ভিসেস, পদাধিকারবলে;

(ঞ) সভাপতি, বাংলাদেশ কলেজ অব ফিজিসিয়ানস এন্ড সার্জনস, পদাধিকারবলে;

(ট) ঢাকা বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর চিকিৎসা অনুষদের ডীনগণ, পদাধিকারবলে;

(ঠ) দেশের প্রত্যেক প্রশাসনিক বিভাগ হইতে ২(দুই) জন করিয়া, সরকার কর্তৃক মনোনীত, মেডিকেল বা ডেন্টাল পেশায় নিয়োজিত স্বনামধন্য ব্যক্তি;

(ড) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকমন্ডলী কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত, সহযোগী অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ, দুইজন সদস্য;

(ঢ) স্থাপিত হইবার ভিত্তিতে দেশের প্রথম জ্যেষ্ঠ আটটি সরকারি মেডিকেল কলেজের মধ্য হইতে প্রত্যেক মেডিকেল কলেজ হইতে, সহযোগী অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ, একজন করিয়া শিক্ষক, যাহারা স্ব স্ব মেডিকেল কলেজের শিক্ষকমন্ডলী কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত হইবেন;

(ণ) দফা (ঢ) এ বর্ণিত মেডিকেল কলেজসমূহ ব্যতীত অন্যান্য সরকারি মেডিকেল কলেজসমূহের শিক্ষকমন্ডলী কর্তৃক নির্বাচিত শিক্ষক প্রতিনিধিগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত, সহযোগী অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহেন এবং একটি মেডিকেল কলেজ হইতে একজনের বেশী নহে এইরূপ, তিনজন শিক্ষক;

(ত) প্রত্যেক বেসরকারি মেডিকেল কলেজের শিক্ষকমন্ডলী কর্তৃক নির্বাচিত শিক্ষক প্রতিনিধিগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত, সহযোগী অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহেন এবং একটি মেডিকেল কলেজ হইতে একজনের বেশী নহে এইরূপ, পাঁচজন শিক্ষকঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ নির্বাচিত শিক্ষক প্রতিনিধিগণের বয়স পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের বয়সসীমা হইতে বেশী হইতে পারিবে না;

(থ) সরকারি ডেন্টাল কলেজের শিক্ষকমন্ডলী কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত, ডেন্টিস্ট্রিতে সহযোগী অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ, একজন শিক্ষক;

(দ) প্রত্যেক বেসরকারি ডেন্টাল কলেজের শিক্ষকমন্ডলী কর্তৃক নির্বাচিত শিক্ষক প্রতিনিধিনিগণ কর্তৃক তাহাদের মধ্য হইতে নির্বাচিত, ডেন্টিস্ট্রিতে সহযোগী অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ, একজন শিক্ষকঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ নির্বাচিত শিক্ষক প্রতিনিধিগণের বয়স পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের বয়সসীমা হইতে বেশী হইতে পারিবে না;

(ধ) বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন কর্তৃক মনোনীত উহার একজন সদস্য;

(ন) বাংলাদেশ প্রাইভেট মেডিকেল প্র্যাকটিশনারস এসোসিয়েশন কর্তৃক মনোনীত উহার একজন সদস্য;

(প) অ্যাটর্নী জেনারেল কর্তৃক মনোনীত একজন আইনজীবী;

(ফ) বাংলাদেশ ডেন্টাল সোসাইটি কর্তৃক মনোনীত উহার একজন সদস্য;

(ব) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত, একজন যুগ্ম-সচিব ও যুগ্ম-সচিব সমমর্যাদার নিম্নে নহেন এইরূপ পদমর্যাদাসম্পন্ন বিশেষজ্ঞ দুইজন কর্মকর্তা;

(ভ) সরকার কর্তৃক মনোনীত মেডিকেল গবেষণা ও উন্নয়নের সহিত জড়িত দুইজন স্বনামধন্য মহিলা; এবং

(ম) প্রত্যেক বিশেষায়িত সরকারি মেডিকেল শিক্ষা প্রতিষ্ঠান হইতে তাঁহাদের শিক্ষক মন্ডলী কর্তৃক নির্বাচিত শিক্ষক প্রতিনিধিগণ কর্তৃক তাঁহাদের মধ্যে নির্বাচিত, সহযোগী অধ্যাপক পদমর্যাদার নিম্নে নহেন এবং একটি প্রতিষ্ঠান হইতে একজনের বেশী নহে এইরূপ, দুই জন শিক্ষক।

(২) উপ-ধারা (১) এর দফা (ড), (ঢ), (ণ), (ত), (থ), (দ) এবং (ম)-তে উল্লিখিত শিক্ষক প্রতিনিধিগণ কাউন্সিল কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে নির্বাচিত হইবেন।

(৩) কাউন্সিলের মনোনীত ও দফা (ড), (ঢ), (ণ), (ত), (থ), (দ) এবং (ম) এর অধীন নির্বাচিত সদস্যগণ তাহাদের মনোনয়ন বা, ক্ষেত্রমত, নির্বাচনের তারিখ হইতে ৩(তিন) বৎসর মেয়াদে, স্বীয় পদে বহাল থাকিবেন।

(৪) উপ-ধারা (৩) এ উল্লিখিত মেয়াদ শেষ হইবার পূর্বে মনোনয়নকারী কর্তৃপক্ষ মনোনীত কোন সদস্যকে তাহার পদ হইতে যে কোন সময় অব্যাহতি প্রদান করিতে পারিবে।

(৫) কাউন্সিলের মনোনীত ও নির্বাচিত কোন সদস্য, কাউন্সিলের প্রেসিডেন্টের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে, স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন, তবে প্রেসিডেন্ট কর্তৃক গৃহীত না হওয়া পর্যন্ত উক্ত পদত্যাগ কার্যকর হইবে না।

(৬) কোন ব্যক্তি একই মেয়াদে একাধিক যোগ্যতায় কাউন্সিলের সদস্য হইতে বা থাকিতে পারিবেন না।

৫। **কাউন্সিলের ক্ষমতা ও দায়িত্ব।**—এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কাউন্সিল এর ক্ষমতা ও দায়িত্ব হইবে নিম্নরূপ, যথাঃ-

(১) বাংলাদেশের মেডিকেল প্রতিষ্ঠান ও ডেন্টাল প্রতিষ্ঠানসমূহ এবং উক্ত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রদত্ত মেডিকেল চিকিৎসা-শিক্ষা ও ডেন্টাল চিকিৎসা-শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদান;

(২) বাংলাদেশের বাহিরে অবস্থিত মেডিকেল প্রতিষ্ঠান ও ডেন্টাল প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত মেডিকেল চিকিৎসা-শিক্ষা ও ডেন্টাল চিকিৎসা-শিক্ষা যোগ্যতার স্বীকৃতি প্রদান;

(৩) অন্য কোন দেশের মেডিকেল কাউন্সিল অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহিত আলোচনার মাধ্যমে সে দেশের মেডিকেল চিকিৎসা-শিক্ষা ও ডেন্টাল চিকিৎসা-শিক্ষা যোগ্যতা বিষয়ে পারস্পরিক ভিত্তিতে স্বীকৃতি প্রদানসহ এতদ্‌সংক্রান্ত পরিকল্প গ্রহণ ও পরিচালনা;

(৪) মেডিকেল চিকিৎসা-শিক্ষা এবং ডেন্টাল চিকিৎসা-শিক্ষার স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে অভিন্ন ন্যূনতম মানসম্পন্ন পাঠ্যসূচি ও কোর্স প্রণয়ন এবং উহার মেয়াদ নির্ধারণ;

(৫) মেডিকেল চিকিৎসা-শিক্ষা ও ডেন্টাল চিকিৎসা-শিক্ষার স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ভর্তির নীতিমালা ও শর্তাদি নির্ধারণ;

(৬) মেডিকেল চিকিৎসা-শিক্ষা ও ডেন্টাল চিকিৎসা-শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির নীতিমালা ও শর্তাদি নির্ধারণ;

(৭) মেডিকেল প্রতিষ্ঠান ও ডেন্টাল প্রতিষ্ঠানে নিয়োগের জন্য শিক্ষকগণের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মান নির্ধারণ;

(৮) এই আইনের অধীন স্বীকৃতির যোগ্য মেডিকেল প্রতিষ্ঠান ও ডেন্টাল প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত চিকিৎসা-শিক্ষা যোগ্যতা ও পেশাগত যোগ্যতার জন্য প্রয়োজনীয় মানসম্পন্ন পরীক্ষা, পরীক্ষা গ্রহণ পদ্ধতি এবং অন্যান্য আনুষঙ্গিক বিষয় নির্ধারণ;

(৯) এই আইনের অধীন নিবন্ধন সনদ প্রদান সংক্রান্ত পরীক্ষা গ্রহণ, পরীক্ষা গ্রহণ পদ্ধতি এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয় নির্ধারণ;

(১০) এই আইনের অধীন স্বীকৃতির যোগ্য মেডিকেল চিকিৎসা-শিক্ষা ও ডেন্টাল চিকিৎসা-শিক্ষা প্রদানের লক্ষ্যে বৃত্তিমূলক পরীক্ষার পরীক্ষকগণের যোগ্যতা ও অভিজ্ঞতার মান নির্ধারণ;

(১১) স্বীকৃত মেডিকেল প্রতিষ্ঠান ও স্বীকৃত ডেন্টাল প্রতিষ্ঠানের ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন;

(১২) সরকারের পূর্বানুমোদনক্রমে, তফসিলসমূহ সংশোধন;

(১৩) স্বীকৃত মেডিকেল চিকিৎসক এবং স্বীকৃত ডেন্টাল চিকিৎসকদের নিবন্ধন;

(১৪) মেডিকেল চিকিৎসা-সহকারীদের নিবন্ধন;

(১৫) নিবন্ধিত মেডিকেল চিকিৎসক ও ডেন্টাল চিকিৎসকদের রেজিস্টার প্রণয়ন, প্রকাশ ও সংরক্ষণ;

(১৬) নিবন্ধিত মেডিকেল চিকিৎসা-সহকারীদের রেজিস্টার প্রণয়ন, প্রকাশ ও সংরক্ষণ;

(১৭) মেডিকেল প্রতিষ্ঠান এবং ডেন্টাল প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন;

(১৮) এই আইনের অধীন নিবন্ধন ও পরিদর্শন ফি নির্ধারণ;

(১৯) এই আইনের অধীনে নিবন্ধিত নহেন চিকিৎসা পেশায় নিয়োজিত এইরূপ ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ;

(২০) চিকিৎসা শাস্ত্র বিষয়ক ভূয়া পদবী, ডিগ্রী, প্রতারণামূলক প্রতিনিধিত্ব অথবা নিবন্ধন, ইত্যাদির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ;

(২১) কাউন্সিলের সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণ এবং উহার হিসাব নিরীক্ষা;

(২২) স্বীকৃত মেডিকেল চিকিৎসক ও স্বীকৃত ডেন্টাল চিকিৎসকদের জন্য অনুসরণীয় পেশাগত আচরণের মান ও তৎসম্পর্কিত নীতি নির্ধারণ;

(২৩) তফসিলভুক্ত বা তফসিল বহির্ভূত বাংলাদেশের বাহিরে এবং ভিতরে অবস্থিত যে কোন মেডিকেল বা ডেন্টাল চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ডিগ্রী বা ডিপ্লোমার মান মূল্যায়ন বা পুনঃমূল্যায়নপূর্বক সংশ্লিষ্ট তফসিল সংশোধন; এবং

(২৪) উপরি-উক্ত ক্ষমতা ও দায়িত্ব এবং এই আইনের অধীন অন্যান্য বিধানের উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনীয় ও আনুষঙ্গিক অন্যান্য কার্যাবলী সম্পাদন।

৬। **কাউন্সিলের সভা।**—(১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, কাউন্সিল উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) কাউন্সিলের সভা উহার প্রেসিডেন্ট কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, প্রতি ছয় মাসে কাউন্সিলের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) কাউন্সিলের সকল সভায় উহার প্রেসিডেন্ট সভাপতিত্ব করিবেন, এবং তাঁহার অনুপস্থিতিতে কাউন্সিলের ভাইস-প্রেসিডেন্ট সভাপতিত্ব করিবেন।

(৪) ১৫(পনেরো) জন সদস্য সমন্বয়ে কাউন্সিলের সভার কোরাম গঠিত হইবে।

(৫) কাউন্সিলের সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে কাউন্সিলের সকল সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৬) শুধুমাত্র কাউন্সিলের কোন সদস্য পদ শূন্য অথবা কাউন্সিল গঠনে ত্রুটি থাকার কারণে কাউন্সিলের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না, বা গৃহীত কোন সিদ্ধান্ত বাতিল হইবে না।

৭। **কাউন্সিলের প্রেসিডেন্ট, ভাইস-প্রেসিডেন্ট ও কোষাধ্যক্ষ নির্বাচন।**—(১) কাউন্সিলের সদস্যগণ নিজেদের মধ্য হইতে কাউন্সিলের একজন প্রেসিডেন্ট, একজন ভাইস প্রেসিডেন্ট এবং একজন কোষাধ্যক্ষ নির্বাচন করিবে।

(২) কাউন্সিল কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উপ-ধারা (১) এর অধীন নির্বাচন অনুষ্ঠিত হইবে।

৮। **কাউন্সিলের নিবন্ধক (রেজিস্ট্রার) এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ।**—(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কাউন্সিল উহার দায়িত্ব সুষ্ঠুভাবে পালনের জন্য, সরকারের পূর্বানুমোদনক্রমে, একজন নিবন্ধক (রেজিস্ট্রার) নিয়োগ করিবে।

(২) নিবন্ধকের নিয়োগ ও চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।

(৩) কাউন্সিল উহার কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক অন্যান্য কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

(৪) কাউন্সিলের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ ও চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

৯। **কার্যনির্বাহী কমিটি, ইত্যাদি।**—(১) কাউন্সিলের একটি কার্যনির্বাহী কমিটি থাকিবে।

(২) কাউন্সিলের প্রেসিডেন্ট, ভাইস-প্রেসিডেন্ট এবং কাউন্সিল কর্তৃক নির্বাচিত উহার ৫ (পাঁচ) জন সদস্যসহ মোট ৭ (সাত) জন সদস্য সমন্বয়ে কার্যনির্বাহী কমিটি গঠিত হইবে।

(৩) কাউন্সিলের প্রেসিডেন্ট এবং ভাইস-প্রেসিডেন্ট, পদাধিকারবলে, কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট এবং ভাইস-প্রেসিডেন্ট হবেন।

(৪) উপ-ধারা (৫) এর বিধান সাপেক্ষে, কাউন্সিলের পরিচালনা ও প্রশাসন কার্যনির্বাহী কমিটির উপর ন্যস্ত থাকিবে, এবং কার্যনির্বাহী কমিটি কাউন্সিল কর্তৃক, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করিবে।

২

# বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল প্রবিধানমালা, ২০২২

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ১০, ২০২২

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৭ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ/ ১১ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নম্বর-১০-আইন/২০২২।**- বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (২০১০ সনের ৬১ নং আইন) এর ধারা ৩৭ এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:-

## প্রথম অধ্যায়

## সুচনা

১। **শিরোনাম ও প্রবর্তন**।-(১) এই প্রবিধানমালা বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল প্রবিধানমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।-(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই প্রবিধানমালায় –

(ক) **"অসদাচরণ"** অর্থ একজন চিকিৎসা সেবা প্রদানকারীর এমন আচরণ যাহা তাহার পেশায় নিয়োজিত অন্যান্য সহকর্মী বা ভদ্রজনের জন্য শিষ্টাচার বহির্ভূত, এবং নিম্নবর্ণিত আচরণসমূহ ইহার অন্তর্ভুক্ত হইবে, যথা:-

(১) পেশাগত কর্তব্যে অবহেলা; বা

(২) কোনো ব্যক্তির প্রতি অশালীনতা প্রদর্শন, বিরক্তিকর বা বিবেচনাহীন উক্তি ব্যবহার বা প্রকাশ করা; বা

(৩) কাউন্সিল বা অন্য কোনো কর্তৃপক্ষের নিকট মিথ্যা বা অসার অভিযোগ পেশ করা; বা

(৪) আইনের ধারা ৫ এর দফা (২২) অনুযায়ী কাউন্সিল কর্তৃক নির্ধারিত স্বীকৃত মেডিকেল চিকিৎসক ও স্বীকৃত ডেন্টাল চিকিৎসকদের জন্য অনুসরণীয় পেশাগত আচরণের মান ও তৎসম্পর্কিত নীতির লঙ্ঘন;

(খ) **"আইন"** অর্থ বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (২০১০ সনের ৬১ নং আইন) ;

(গ) **"কাউন্সিল"** অর্থ ধারা ২ এর দফা (২) এ সংজ্ঞায়িত কাউন্সিল;

(ঘ) **"কার্যনির্বাহী কমিটি"** অর্থ ধারা ৯ এ উল্লিখিত কার্যনির্বাহী কমিটি;

(ঙ) **"কোষাধ্যক্ষ"** অর্থ ধারা ৭ এ উল্লিখিত কোষাধ্যক্ষ;

(চ) **"চিকিৎসা সেবা প্রদানকারী"** অর্থ আইন ও এই প্রবিধানমালার অধীন নিবন্ধিত কোনো স্বীকৃত মেডিকেল চিকিৎসক, স্বীকৃত ডেন্টাল চিকিৎসক বা মেডিকেল সহকারী;

(ছ) **"তফসিল"** অর্থ এই প্রবিধানমালার তফসিল;

(জ) **"ধারা"** অর্থ আইনের কোনো ধারা;

(ঝ) **"নিবন্ধক"** অর্থ ধারা ২ এর দফা (৬) এ সংজ্ঞায়িত নিবন্ধক;

(ঞ) **"প্রেসিডেন্ট"** অর্থ ধারা ৭ এর উপ-ধারা (১) এ উল্লিখিত প্রেসিডেন্ট;

(ট) **"ভাইস-প্রেসিডেন্ট"** অর্থ ধারা ৭ এর উপ-ধারা (১) এ উল্লিখিত ভাইস-প্রেসিডেন্ট;

(ঠ) **"মেডিকেল সহকারী"** অর্থ ধারা ১৫ এর অধীন মেডিকেল সহকারী হিসাবে নিবন্ধিত কোনো ব্যক্তি;

(ড) **"স্বীকৃত ডেন্টাল চিকিৎসক"** অর্থ ধারা ২ এর দফা (১৬) এ সংজ্ঞায়িত কোনো স্বীকৃত ডেন্টাল চিকিৎসক; এবং

(ঢ) **"স্বীকৃত মেডিকেল চিকিৎসক"** অর্থ ধারা ২ এর দফা (১৮) এ সংজ্ঞায়িত কোনো স্বীকৃত মেডিকেল চিকিৎসক।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

## দ্বিতীয় অধ্যায়
## কার্যালয়, নির্বাচন, সভা, ইত্যাদি

**৩। কার্যালয়।**-(১) কাউন্সিলের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) কাউন্সিল, প্রয়োজনবোধে, বাংলাদেশের যে কোনো স্থানে উহার আঞ্চলিক কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**৪। কাউন্সিলের নির্বাচন পদ্ধতি।**-(১) কাউন্সিল ধারা ৭ এর উপ-ধারা (১) অনুযায়ী প্রেসিডেন্ট, ভাইস-প্রেসিডেন্ট এবং কোষাধ্যক্ষ নির্বাচনের উদ্দেশ্যে উহার সদস্যগণের মধ্য হইতে একজন রিটার্নিং অফিসার নিয়োগ করিবে :

তবে শর্ত থাকে যে, যদি কাউন্সিলের সদস্যগণের মধ্যে কোনো সদস্য রিটার্নিং অফিসার হইতে অসম্মতি জ্ঞাপন করেন তাহা হইলে নিবন্ধক রিটার্নিং অফিসার হিসাবে দায়িত্ব পালন করিবেন।

(২) যদি কাউন্সিলের কোনো সদস্য রিটার্নিং অফিসার হিসাবে দায়িত্ব পালন করেন তাহা হইলে তিনি উক্ত নির্বাচনে অংশগ্রহণ করিতে পারিবেন না।

(৩) রিটার্নিং অফিসার উপ-প্রবিধি (১) এ উল্লিখিত পদের নির্বাচনে প্রার্থীতার প্রস্তাব ও সমর্থন আহ্বান করিয়া বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন।

(৪) রিটার্নিং অফিসার কাউন্সিলের সদস্যগণের মধ্য হইতে ক্রমানুসারে প্রেসিডেন্ট, ভাইস-প্রেসিডেন্ট এবং কোষাধ্যক্ষ পদের জন্য প্রার্থীতার প্রস্তাব ও সমর্থন আহ্বান করিবার পর যদি-

(ক) কোনো পদে একজন প্রার্থীর নাম প্রস্তাব করা হয় তাহা হইলে উক্ত প্রার্থীকে সংশ্লিষ্ট পদের জন্য নির্বাচিত বলিয়া ঘোষণা করিবেন; এবং

(খ) কোনো পদে একাধিক প্রার্থীর নাম প্রস্তাব করা হয় তাহা হইলে গোপন ব্যালটের মাধ্যমে উক্ত পদের নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করিবেন।

(৫) ধারা ৪ এর উপ-ধারা (১) এর দফা (ড), (ঢ) এবং (থ) এ বর্ণিত কাউন্সিলের সদস্য নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান নির্বাচন কার্যক্রম পরিচালনার জন্য একটি কমিটি গঠন করিবেন এবং উক্ত কমিটি নির্বাচনের ফলাফল কাউন্সিলে প্রেরণ করিবে।

(৬) কাউন্সিল ধারা ৪ এর উপ-ধারা (১) এর দফা (ণ), (ত), (দ) এবং (ম) এ বর্ণিত কাউন্সিলের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে উহার ভাইস-প্রেসিডেন্টকে চেয়ারম্যান এবং অপর ২ (দুই) জন কাউন্সিল সদস্য সমন্বয়ে একটি নির্বাচন পরিচালনা কমিটি গঠন করিবে।

(৭) ধারা ৪ এর উপ-ধারা (১) এর দফা (ণ), (ত), (দ) এবং (ম) এর ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান উক্ত প্রতিষ্ঠানের শিক্ষক প্রতিনিধি নির্বাচন কার্যক্রম পরিচালনার জন্য একটি কমিটি গঠন করিবেন এবং উক্ত কমিটি নির্বাচনের ফলাফল উপ-প্রবিধান (৬) এর অধীন গঠিত নির্বাচন পরিচালনা কমিটির নিকট প্রেরণ করিবে।